

তারিখ : ০৬ জানুয়ারি, ২০২৫
স্মারক নং : রিহাব/আইন/মেম্বার/বার্ষিক চাঁদা/০১/২০২৫/১৩৮২৪

বরাবর
সম্মানিত সদস্য
রিহাব।

বিষয় : রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন- ২০২৫ যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে।

জনাব,
রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা নিন।

আপনার রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন-২০২৫ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ৩১ মার্চ, ২০২৫ এর মধ্যে পে-অর্ডার যোগে "REHAB" নামে হিসাব বিভাগ-এ জমা দেয়ার অনুরোধ জানাচ্ছি।

রিহাব এর "মেম্বোরেলভাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন" অনুযায়ী কোন সম্মানিত রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান চলতি ২০২৫ সালের সাবস্ক্রিপশন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ৩১ মার্চ, ২০২৫ এর মধ্যে পরিশোধ করতে সমর্থ না হলে "পরবর্তীতে" রিহাব সংঘবিধির IIB1 অনুচ্ছেদ মোতাবেক নির্ধারিত বিলম্ব ফি সহ নিম্নোক্ত হিসাবে পরিশোধ করতে পারবেন:-


(ক) বিলম্ব ফি ৫,০০০/- টাকা সহ (২৫,০০০+৫,০০০) মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ এপ্রিল, ২০২৫ এর মধ্যে পরিশোধ করা হয়।

(খ) বিলম্ব ফি ৭,৫০০/- টাকা সহ (২৫,০০০+৭,৫০০) মোট ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচ শত) টাকা; যদি ৩১ মে, ২০২৫ এর মধ্যে পরিশোধ করা হয়।

(গ) বিলম্ব ফি ১০,০০০/- টাকা সহ (২৫,০০০+১০,০০০) মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ জুন, ২০২৫ এর মধ্যে পরিশোধ করা হয়।

যদি কোন সম্মানিত রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান সর্বশেষ ৩০ জুন, ২০২৫ এর মধ্যে চলতি ২০২৫ সালের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন বিলম্ব ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে ব্যর্থ হন; তাহলে রিহাব সংঘ-বিধির IIB অনুচ্ছেদ অনুযায়ী বার্ষিক সাবস্ক্রিপশন খেলাপির কারণে উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব সদস্যপদ স্থগিত (Ceased) হয়ে যাবে।

ধন্যবাদান্তে


লিয়াকত আলী ভূইয়া
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
রিহাব।

অনুলিপি :

১। প্রশাসন বিভাগ/হিসাব বিভাগ, রিহাব।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614606, 9614607, 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org
Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, Tel : 02334451441, 02334453884, 02334453885

